

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২০২

৮. পবিত্ৰতা অৰ্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ (৭) নাপাক ব্যক্তির বিধি-বিধান - যে ঘরে নাপাক ব্যক্তি থাকে, সে ঘরে ফেরেস্তাদের প্রবেশ না করা প্রসঙ্গে

7 \_ بَابُ أَحْكَام الْجُنُبِ (ذِكْنُ نَفْي دُخُولِ الْمَلَائِكَةِ الدَّارَ الَّتِي فِيهَا الجنب)

## আরবী

1202 \_ أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ عَلِيّ بْنِ مُدْرِكِ قَالَ: سَمِعْتُ عَلْقًا زُرْعَةَ بْنِ عَمْرٍو يُحَدِّثُ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ نُجَيّ عَنْ أَبِيهِ قَالَ: سَمِعْتُ عَلِيًّا فَال: سَمِعْتُ عَلِيًّا يُحَدِّثُ عَنِ النَّهِ عَنْ أَبِيهِ قَالَ: صَمُورَةٌ وَلَا يُحَدِّثُ عَنِ النَّبِيّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنه قال: (لا تدخل االملائكة بَيْتًا فِيهِ صَوْرَةٌ وَلَا كُلْبٌ وَلَا جُنُبٌ)

الراوي: نُجَيّ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1202 ا خلاصة حكم المحدث: ضعيف.

## বাংলা

১২০২. নুজাই থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি আলী রাদ্বিয়াল্লাহু আনহুকে বলতে শুনেছি, তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণনা করেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "ফেরেস্তা ঐ বাড়িতে প্রবেশ করেনা, যাতে কোন প্রাণির ছবি অথবা কোন কুকুর ও নাপাক ব্যক্তি থাকে।"[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/৮৩; আবূ দাউদ: ১২৭; নাসাঈ: ১/১৪১; ইবনু মাজাহ: ৩৬৫০; হাকিম: ১/১৭১; দারেমী: ২/২৮৪; শারহুস সুন্নাহ: ৩২১২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটির ব্যাপারে স্পষ্টভাবে কোন মন্তব্য করেননি। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে য'ঈফ বলেছেন। (য'ঈফ আবু দাউদ: ৩০।)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন